দৈনিক
জনকণ্ঠ

তারিখ ২৪ JUL 2016
পৃষ্ঠা ১৬ কলাম ৩

# বাঁশখালীতে ফের আপত্তিকর প্রশ্নপত্র ॥ পরীক্ষা স্থগিত

**নিজস্ব সংবাদদাতা, বাঁশখালী, ২৩ জুলাই ॥** চট্টগ্রামের বাঁশখালীসহ দক্ষিণ চট্টগ্রামের ৬টি উপজেলার মাধ্যমিক বিদ্যালয়ে বঙ্গবন্ধুর সঙ্গে স্থানীয় বিএনপি নেতা লেয়াকতকে তুলনা করে প্রশ্নপত্র তৈরির পর শনিবার ফের আপত্তিকর প্রশ্নপত্র ছাপিয়েছে চট্টগ্রাম দক্ষিণ জেলা শিক্ষক সমিতি। প্রশ্নপত্রে কয়লা বিদ্যুত প্রকল্প ও পার্শ্ববর্তী দেশ মিয়ানমারে মুসলিম রোহিঙ্গা নিয়ে স্পর্শকাতর বিষয় উল্লেখ করা হয়েছে। নবম শ্রেণীর ভূগোল ও পরিবেশ (সৃজনশীল) পরীক্ষাটি শনিবার যথারীতি ১০টায় অনুষ্ঠিত হলেও আকস্মিক ১৫ মিনিটের মধ্যে শিক্ষার্থীদের কাছ থেকে প্রশ্নপত্র কেড়ে নিলেন সকল বিদ্যালয়ের শিক্ষক। এ ঘটনায় আজকের পরীক্ষা স্থগিত ঘোষণাও করেছে স্ব স্ব বিদ্যালয়। এদিকে সপ্তাহ না পেরুতেই একই শ্রেণীর ভিন্ন অধ্যায়ের আপত্তিকর প্রশ্নপত্র ছাপানোকে কেন্দ্র করে শিক্ষার্থী, অভিভাবক ও এলাকার সুশীল সমাজের প্রতিনিধিদের মাঝে তীব্র ক্ষোভের সঞ্চার হয়েছে। এ ঘটনায় এলাকায় সমালোচনার ঝড় উঠেছে। অন্যদিকে আটক ২ শিক্ষককে ৫৪ ধারায় চালান দিয়েছে বাঁশখালী থানা পুলিশ। বৃহস্পতিবার বাঁশখালী সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে তাদের হাজির করলে আদালত শিক্ষকদের জেলহাজতে প্রেরণ করেন। ফের আপত্তিকর প্রশ্নপত্রের সত্যতা স্বীকার করে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) হাবিবুল হাছান বলেন, বিভ্রান্তিমূলক প্রশ্নপত্রে পরীক্ষা না নেয়ার জন্য সকল বিদ্যালয়কে নির্দেশ দেয়া হয়েছে। প্রশ্নপত্র তৈরির সঙ্গে জড়িত সকল শিক্ষককে আইনের আওতায় আনা হবে। তদন্ত চলছে।